# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়ায্যিন তার আযানে যা বলেন, যে ব্যক্তি মুয়ায্যিনের অনুরূপ কথা বলবে, তার জন্য জান্নাত অবধারিত

ذِكْرُ إِيجَابِ دُخُولِ الْجَنَّةِ لِمَنْ قَالَ مِثْلَ مَا يَقُولُ الْمُؤَذِّنُ فِي أَذَانِهِ

আরবী

1683 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ الزُّرَقِيُّ بِطَرَسُوسَ وَابْنُ بُجَيْرٍ وَمُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالُوا: حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَهْضَمٍ قَالَ: أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنْ عُمَارَةَ بْنِ غَزِيَّةَ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْصِ بن عاصم عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا قَالَ الْمُؤَذِّنُ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ وَقَالَ أَحَدُكُمُ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ ثُمَّ قَالَ: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ثُمَّ قَالَ: أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ قَالَ: أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ثُمَّ قَالَ: حَيَّ عَلَى الصَّلَاةِ قَالَ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ ثُمَّ قَالَ: حَيَّ عَلَى الْفَلَاحِ قَالَ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ قَالَ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ ثُمَّ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ: لَا إِلَهَ إلا الله دخل الجنة)

الراوي : عُمَر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1683 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (539)

বাংলা

১৬৮৩. উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন মুয়ায্যিন বলে, “আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়।)”, তখন তোমাদের মধ্যে যে ব্যক্তি বলবে, “আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়।), যখন মুয়ায্যিন বলে, “আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন

মা‘বূদ নেই।), তখন সে-ও বলে, “আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই।)”, যখন মুয়াযি্যন বলে, “আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল), তখন সে-ও বলে, “আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল)”, যখন মুয়াযি্যন বলে, “হাইয়্যা ‘আলাস সালাহ, (এসো সালাতের দিকে।), তখন সে বলে, “লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ (পাপ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া এবং ভাল কাজ করার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া)।”

যখন মুয়াযি্যন বলে, “হাইয়্যা ‘আলাল ফালাহ, (এসো সফলতার দিকে)”, তখন সে বলে, “লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ (পাপ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া এবং ভাল কাজ করার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া)।”

যখন মুয়াযি্যন বলে, “আল্লাহু আকবার, আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়।), সে-ও বলে, “আল্লাহু আকবার, আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়)।”

যখন মুয়াযি্যন বলে, “লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই)”, তখন সে-ও বলে, “লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই)”, তবে সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৪১৭; সহীহ মুসলিম: ৩৮৫; আবূ দাঊদ: ৫২৭; সুনান বাইহাকী: ১/৪০৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৪৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90898

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন